

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
মোরেলগঞ্জ, বাগেরহাট।


“সাময়িক সময়ের জন্য ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি”

এতদ্বারা মোরেলগঞ্জ উপজেলার খাদ্যশস্য ব্যবসায়ীসহ অন্যান্য ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্রদের মধ্যে “খাদ্যবান্ধব কর্মসূচির” আওতায় সরকার নির্ধারিত মূল্যে কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিতরণের লক্ষ্যে ১২ (বারোজন) ডিলার নিয়োগ দেয়া হবে। আবেদনপত্র আগামী ১৮/০৯/২০২৪ খ্রি: তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। নিম্নে উল্লেখিত ইউনিয়ন সমূহে খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ করা হবে।

ক্র. নং	ইউনিয়নের নাম	বাজারের নাম
০১	তেলিগাতী	১। কালুর বাজার
০২	রামচন্দ্রপুর	১। দক্ষিণ কচুবুনিয়া বাজার ২। কাটাবুনিয়া বাজার
০৩	হোগলাপাশা	১। গোবিন্দপুর বাজার
০৪	জিউধরা	১। ঠাকুরাইনতলা বাজার
০৫	নিশানবাড়ীয়া	১। গুলিশাখালী বাজার ২। সুন্দরবন বাজার ৩। পলিটিক্স বাজার ৪। কুদঘাটা বাজার
০৬	মোরেলগঞ্জ	১। গাবতলা বাজার ২। বিশারিঘাটা বাজার
০৭	খাউলিয়া	১। আমতলী বাজার

আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ পত্র জমা দিতে হবে।

- ০১। আবেদনকারীকে স্ব-ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনকারীর নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও দোকানের অবস্থান আবেদন পত্রে উল্লেখ করতে হবে।
- ০২। দোকানের মেঝে পাঁকা হতে হবে ও পণ্যের নিরাপত্তা সংরক্ষণের জন্য উপযোগী হতে হবে এবং ডিলারের দোকানে কম পক্ষে ১৫ মে.টন চাল সংরক্ষণের ব্যবস্থা থাকতে হবে।
- ০৩। ডিলারকে আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে ব্যাংক সনদপত্র দাখিল করতে হবে।
- ০৪। দুই কপি পাসপোর্ট সাইজ ছবি এবং ভোটার আইডি কার্ডের ফটোকপি জমা দিতে হবে।
- ০৫। দোকানের স্বপক্ষে কাগজপত্র জমা দিতে হবে এবং দোকান ঘর অবশ্যই উল্লেখিত বাজারে থাকতে হবে।
- ০৬। কোন সরকারি কর্মচারী, জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ০৭। ট্রেড লাইসেন্স (হালনাগাদ) থাকতে হবে।
- ০৮। নিয়োগপ্রাপ্ত ডিলারকে ফেরতযোগ্য ২০,০০০/- টাকার জামানত পে-অর্ডার মূলে জমা প্রদান করতে হবে।
- ০৯। নিয়োগপ্রাপ্ত ডিলারকে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গিকার মোতাবেক অঙ্গিকার নামা দাখিল করতে হবে।
- ১০। নিয়োগপ্রাপ্ত ডিলারকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগেরহাট মহোদয় থেকে ফুড থ্রেইন লাইসেন্স গ্রহণ করতে হবে।
- ১১। ক্রটিপূর্ণ, অসম্পূর্ণ কিংবা ভুল তথ্য দাখিল করলে তার আবেদন বাতিল বলে গন্য হবে। পরবর্তীতে ওই ব্যক্তির পুনরায় আবেদন গ্রহণযোগ্য হবে না। ডিলার নিয়োগের পর কোনো ভুল তথ্য উদঘাটিত হলে কর্তৃপক্ষ তার ডিলারশিপ বাতিল করতে পারবে।

  
(ধুব মন্ডল)


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
মোরেলগঞ্জ, বাগেরহাট।

স্মারক নং: ১৩.০১.০১৬০.০০১.৩২.০১.২৪.১৮২

তারিখ: ১১/০৯/২০২৪ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট ও সভাপতি, জেলা খাদ্যবান্ধব কমিটি, বাগেরহাট।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগেরহাট ও সদস্যসচিব, জেলা খাদ্যবান্ধব কমিটি, বাগেরহাট।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ৪। উপজেলা কৃষি কর্মকর্তা, মোরেলগঞ্জ ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ৫। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মোরেলগঞ্জ ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ৬। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোরেলগঞ্জ ও সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি, মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোরেলগঞ্জ ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোরেলগঞ্জ ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ৯। ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, তেলিগাতী/ রামচন্দ্রপুর / হোগলাপাশা/ জিউধরা / নিশানবাড়ীয়া/ মোরেলগঞ্জ/ খাউলিয়া।  
তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। জনাব মো: ফজলুল হক খোকন, সিটিজেন জার্নালিজম গ্রুপ, মোরেলগঞ্জ ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ১১। দপ্তর কপি।

  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
মোরেলগঞ্জ, বাগেরহাট।